



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ

ফোন: ০২৯৯৬৬৭২৯২৯, ০২৯৯৬৬৭৩০৩৮, মোবাইল: ০১৩০৯১১১৯৯৯

ই-মেইল: gsscollege_mukta@yahoo.com

ওয়েবসাইট: gsscollege.gov.bd



গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে



বিজ্ঞপ্তি নং- ৯২৬

তারিখ: ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সূত্র: স্মারক নং: এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/১৯, তারিখ: ০২.০২.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক (একাদশ) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রদানের লক্ষ্যে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। নির্ধারিত আবেদনফরম পূরণ করে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ০৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার থেকে ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মঙ্গলবার পর্যন্ত প্রতিদিন সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টা পর্যন্ত নিম্নে বর্ণিত স্থানে জমা দেয়ার জন্য বলা হলো।

ফরম জমার জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও স্থান:

ক্রম.	শাখা	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা	স্থান
১	বিজ্ঞান	মোঃ ফাহিম হোসেন সাগর, সহকারী অধ্যাপক, উদ্ভিদবিদ্যা	জীববিদ্যা বিভাগ
২	ব্যবসায় শিক্ষা	মনি শংকর দেবনাথ, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা	ব্যবস্থাপনা বিভাগ
৩	মানবিক	মোঃ আসাদুজ্জামান, প্রভাষক, আইসিটি	আইসিটি বিভাগ

নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ অবশ্যই জমা দিতে হবে:

- শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি ১ কপি;
- শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের (অভিভাবক বলতে কেবল মাত্র পিতা ও মাতা মৃত্যু জনিতকারণে আপন ভাই/ বোন/ দাদা/দাদি/নানা/নানি) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি;
- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/পিতা ও মাতা মৃত্যু জনিতকারণে আপন ভাই/ বোন/ দাদা/ দাদি/ নানা/ নানি) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে মোবাইল ব্যাংকিং 'নগদ' একাউন্ট নম্বর;
- একই মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;
- শিক্ষার্থীরা আবেদনফরম কলেজের ওয়েবসাইট: <https://gsscollege.gov.bd> থেকে সংগ্রহ করতে পারবে;
- সরকারি অন্য কোনো উৎস হতে মেধাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে।

০৩.০২.২০২৬

প্রফেসর মোঃ মোস্তাফিজুর রহমান (০১০৬৬৩)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ

০৩.০২.২০২৬

শুভ্রা দে (০১৮৩৪১)

আহ্বায়ক

উপবৃত্তি কার্যক্রম পরিচালনা কমিটি

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ

কপি বিতরণ:

১. প্রধান সহকারী/ হিসাবরক্ষক, শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
২. নোটিশ বোর্ড, ওয়েব সাইট (<https://gsscollege.gov.bd>), শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
৩. সংরক্ষণ নথি